

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 28.09.2024**

**Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) বন্যা নিয়ন্ত্রণে ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়নের লক্ষ্যে রাজ্য সরকার আজ বৈঠক করেছে।

২) বন্যা ও ভূমিধস জনিত পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আগামীকাল উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী।

৩) কামারহাটির সাগরদত্ত মেডিকেল কলেজে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ওপর হামলার প্রতিবাদে জুনিয়ার ডাক্তারদের লাগাতার কর্ম বিরতি চলেছে।

স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম সহ স্বাস্থ্য দপ্তরের শীর্ষ কর্তারা চিকিৎসকদের সঙ্গে আলাপ আলোচনা চালাচ্ছেন।

৪) রাজ্য সরকার পুজোর আগে কন্যাশ্রী ও রূপোশ্রী প্রকল্পের সঙ্গে যুক্ত চুক্তি ভিত্তিক কর্মীদের বেতন বাড়ানোর কথা ঘোষণা করেছে।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হয়েছে।

---

বন্যা নিয়ন্ত্রনে ঘাটাল মাস্টারপ্ল্যান রূপায়ণের লক্ষ্যে রাজ্য সরকার আজ বৈঠকে বসেছে। মুখ্যসচিব মনোজ পন্থ এর পৌরহিত্যে নবান্নে এই বৈঠকে স্থানীয় সাংসদ দীপক অধিকারী ছাড়াও সেচ মন্ত্রী মানস ভূঁইয়া, সেচ ও অর্থ সচিব উপস্থিত ছিলেন বলে জানা গিয়েছে। উল্লেখ্য দক্ষিণবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ সহযোগিতায় ১৯৮০ সালে এই প্রকল্পটি হাতে নেওয়া হয়েছিল। ৮২ সালে প্রকল্পটির শিলান্যাস হয়। এটি রূপায়ণের জন্য প্রথমে কেন্দ্রীয় সরকার মোট ব্যয়ের ৭৫ শতাংশ অর্থ দেওয়ার কথা বললেও পরে তা কমিয়ে পঞ্চাশ শতাংশ করে। বাকি অর্থ দেবে রাজ্য সরকার। ২০১২ সালে রাজ্য সরকারের তরফে ১২০০ কোটি টাকার একটি বিস্তারিত প্রকল্প রিপোর্ট কেন্দ্রের কাছে পাঠানো হয়। কিন্তু দীর্ঘ সময়ের পরেও কেন্দ্রীয় সরকার প্রকল্পটির জন্য কোন অর্থ বরাদ্দ না করায় রাজ্য সরকার নিজের তহবিল থেকেই অর্থ খরচ করে আগামী পাঁচ বছরের মধ্যে প্রকল্পের কাজ শেষ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগেই জানিয়েছেন।

---

এদিকে, দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় বন্যা পরিস্থিতির মধ্যেই লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গের নদীগুলির জলস্ফিতি উদ্বেগ বাড়িয়েছে। দক্ষিণবঙ্গে আবহাওয়ার উন্নতি হলেও ডিভিসি বিভিন্ন জলাধার থেকে জল ছাড়া অব্যাহত রেখেছে। জানা গিয়েছে, আজ সকালে পাঞ্চোত ও মাইথন থেকে মোট ৪০ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। ফলে পূর্ব মেদিনীপুর, হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমানের বন্যা কবলিত ব্লক গুলিতে মানুষের দুর্দশা বেড়েছে। এদিকে গত দু'দিন ধরে উত্তরবঙ্গের পার্বত্য এলাকায় টানা বৃষ্টির জেরে তিস্তা সহ বিভিন্ন নদীর জল বেড়েছে। সিকিমেও লাগাতার বর্ষণ চলছে। জল বাড়তে

শুরু করায় গতকাল রাত থেকে দফায় দফায় তিস্তা ব্যারাজ থেকেও জল ছাড়া হয়েছে। নিচু এলাকা এবং নদীপারের বাসিন্দাদের মাইকিং করে সতর্ক করছে প্রশাসন।

অন্যদিকে পাহাড়ে ভারী বৃষ্টির জেরে ডুয়ার্সের বিভিন্ন নদী এবং ঝোরাগুলিতে জলের স্রোত বাড়ছে। তার জেরে হড়পা বানের আশঙ্কা তৈরি হয়েছে। সারা রাত ধরে বৃষ্টির কারণে পাহাড়ের একাধিক জায়গায় নতুন করে ধস নামে। কালিঝোড়ায় ধস নামায় ১০ নম্বর জাতীয় সড়কের একাংশ তিস্তা গর্ভে তলিয়ে গেছে। বন্ধ রয়েছে ১০ নম্বর জাতীয় সড়ক ধরে যান চলাচল। কালিঝোড়া এলাকায় রাস্তা সংলগ্ন পাহাড় কেটে সংস্কারের কাজ শুরু করা হয়েছে। তবে, বৃষ্টির জেরে সেই কাজ মাঝেমধ্যেই ব্যহত হচ্ছে।

---

বন্যা ও ভূমিধসে বিধ্বস্ত উত্তরবঙ্গের পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল সেখানে যাচ্ছেন। কলকাতা থেকে রওনা হয়ে তাঁর বাগডোগরা পৌঁছানোর কথা। উত্তরকন্যার অতিথি নিবাসে রাত্রিবাসের পর সোমবার সকালে পাহাড় ও সমতলের পরিস্থিতি নিয়ে আট জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে মুখ্যমন্ত্রী বৈঠক করবেন। ওইদিনই কলকাতায় ফিরে, বিকেলে তার নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে যোগ দেওয়ার কথা।

---

বন্যা পরিস্থিতির কারণে রাজ্যের পাঁচ মন্ত্রীকে নিজ নিজ জেলায় বন্যা কবলিত মানুষের পাশে থাকার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সে কারণে মন্ত্রিসভার প্রস্তাবিত বৈঠক থেকে তাঁদের অব্যাহতি দেওয়া হয়েছে। স্নেহাশীষ চক্রবর্তী, পুলক রায়, মানস

ভুঁইয়া, বেচারাম মান্না ঐ পাঁচ মন্ত্রী বৈঠকে যোগ দেওয়ার পরিবর্তে নিজেদের জেলায় বন্যা পরিস্থিতির ওপর নজর রাখবেন। দুর্গত মানুষদের পাশে দাঁড়াতেই এই সিদ্ধান্ত।

---

মালদায় বন্যা কবলিত এলাকায় দুর্গতদের জন্য রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের নিয়ে যাওয়া ত্রাণ সামগ্রী লুণ্ঠের অভিযোগ উঠেছে। আজ মানিকচক ব্লকের ভুতনীচরে ত্রাণ নিয়ে গিয়েছিলেন নগোরয়ন্নন মন্ত্রী। তা বিলি হওয়ার মধ্যেই লুণ্ঠ হয় বলে খবর। পাশাপাশি আজ বন্যা দুর্গত এলাকা পরিদর্শন করেন ফিরহাদ হাকিম। মোবাইলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বার্তাও শোনান। মুখ্যমন্ত্রী তাঁরা বার্তায় বলেন, কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা এবং বর্ষা শুরু হয়ে যাওয়ার জন্য ভাঙন রোধের কাজ শুরু করা যায়নি। সরকার সর্বোত্তমভাবে বানভাসী মানুষজনের পাশে রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

---

উত্তর ২৪ পরগনার কামারহাটির সাগর দত্ত মেডিকেল কলেজে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের ওপর হামলার প্রতিবাদে জুনিয়ার ডাক্তারদের লাগাতার কর্মবিরতি চলেছে। প্রশাসনের কাছে নিরাপত্তা সহ ১০ দফা দাবি তুলে ধরেছেন তারা। সেগুলি পূরণ না হওয়া পর্যন্ত কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়েছে। হাসপাতালের প্রিন্সিপালের ঘরে আজ বৈঠকে বসেন চিকিৎসকরা। সঙ্গে ছিলেন নার্সিং স্টাফেরাও। সেখানেই দাবি দাওয়া নিয়ে আলোচনা হয়।

এদিকে, আজ দুপুরে সাগরদত্তে পৌঁছন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসেন তিনি। পরে সাংবাদিকদের কাছে স্বাস্থ্য সচিব বলেন, হাসপাতালের জন্য নতুন করে ৩০০ সিসিটিভি ক্যামেরা বাসনো হবে। রেস্ট

রুমেও থাকবে সিসিটিভি। মোতায়েন করা হবে ৫৭ জন অতিরিক্ত নিরাপত্তা রক্ষী। ওয়ার্ডে বহিরাগত যাতে কেউই না ঢুকতে পারে, তাও নিশ্চিত করা হচ্ছে। চালু হচ্ছে বায়োমেট্রিক ব্যবস্থা।

দুপুরে সেখানে যান ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া। নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি খতিয়ে দেখেন তিনি। পরে সাংবাদিকদের কাছে তিনি বলেন,

বাইট

চিকিৎসকদের হামলার ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃত ঈশ্বরলাল সাউ, প্রবীন কুমার সাউ, সরোজ কুমার সাউ এবং বিকাশ সাউ-এর চারদিনের পুলিশ হেফাজত হয়েছে।

এদিকে ঘটনার প্রেক্ষিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স ফ্রন্টের আট জন প্রতিনিধি গতরাতেই সাগর দত্ত হাসপাতালে যান। ডাক্তার কিনজল নন্দ, ডাক্তার দেবাশিষ হালদার সহ WBJDF-এর ওই প্রতিনিধিদলের সদস্যরা সাগর দত্তের চিকিৎসকদের সঙ্গে বৈঠক করেন।

---

এদিকে, সাগর দত্ত হাসপাতালে চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী সকলেই নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে সুপার সুজয় মিস্ত্রি জানিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, নিরাপত্তার দায়িত্বে থাকা বেসরকারী সংস্থার কর্মীরা প্রশিক্ষণ প্রাপ্ত নন। হাসপাতালের মধ্যে নতুন পুলিশ আউটপোস্ট তৈরি হয়েছে। পুলিশের সংখ্যা বাড়ানো হলেও প্রয়োজনের তুলনায় তা অপ্রতুল।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৪ তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

---

তৃতীয় মোদী সরকারের প্রথম একশো দিন নিয়ে আকাশবাণী কোলকাতার সংবাদ বিভাগ আজ রাত সাড়ে নটায় একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে। এতে অংশ নিয়েছেন রাষ্ট্রবিজ্ঞানী সুব্রত হোর এবং সাংবাদিক জয়ন্ত বসু। সঞ্চালনায় শঙ্কর মুখোপাধ্যায়।

আকাশবাণী কোলকাতার গীতাঞ্জলি ও ১০৭মেগাহার্টজ প্রচার তরঙ্গ ও DTH পরিষেবায় অনুষ্ঠানটি শোনা যাবে।

---

রাজ্য সরকার পুজোর আগে কন্যাশ্রী ও রূপশ্রী প্রকল্পের সঙ্গে যুক্ত চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বাড়ানোর কথা ঘোষণা করেছে। বেতন বাড়ছে প্রকল্পের সঙ্গে যুক্ত চুক্তিভিত্তিক তথ্য প্রযুক্তি কর্মী, হিসাবরক্ষক, ডেটা ম্যানেজারদের। অভিজ্ঞতার নিরিখে নতুন বেতন হার স্থির করা হয়েছে। চুক্তিভিত্তিক হিসাবরক্ষকরা এতদিন ১৫ হাজার টাকা করে পেতেন। তা বেড়ে হবে ২১ হাজার টাকা। ডেটা ম্যানেজার ও ডেটা এন্ট্রি অপারেটরদের বেতন বেড়ে হচ্ছে ১৬ হাজার টাকা। হিসাবরক্ষকদের ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্টের হারও বাড়ছে।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবারও মহালয়ার আগে পুজোর উদ্বোধন শুরু করবেন। পয়লা অক্টোবর শ্রীভূমী স্পোর্টিং ক্লাবের পুজো মুখ্যমন্ত্রী উদ্বোধন করবেন বলে পুজোর উদ্যোক্তা রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু জানিয়েছেন। ঐদিন তিনি দমকলের বেশ কয়েকটি গাড়ি ও বাইকও উদ্বোধন করবেন।

---

উৎসবের মরশুমে রাজ্য সরকার রেশন দোকানের মাধ্যমে জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় থাকা গ্রাহকদের ভর্তুকি মূল্যে ময়দা বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে। ৬ অক্টোবর থেকে এক মাস পরিবার পিছু প্রতি কেজি ৩০ টাকা মূল্যে এই ময়দা বিক্রি করা হবে বলে খাদ্য দপ্তরের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। তবে রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা প্রকল্পের আওতায় থাকা গ্রাহকরা এই সুবিধা পাবেন না।

---

দুর্গাপুজোর মধ্যেই রাজ্যে হান্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, পূর্ব মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ অঞ্চল তৈরির সম্ভাবনা রয়েছে আগামী ৬ই অক্টোবর। এর প্রভাবে ৫ থেকে ১৩ই অক্টোবর দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। পাশাপাশি বৃষ্টি হবে উত্তরবঙ্গেও।

বাইট

---

শিলিগুড়ির বিধান মার্কেটে এক অগ্নি কাণ্ডে ভস্মীভূত বেশ কয়েকটি দোকান। সকালে মার্কেট বন্ধ থাকার সময় এই আগুন লাগে বলে খবর। প্রাথমিক তদন্তে শট সার্কিটের ফলে আগুন লেগেছিল বলে অনুমান করা হচ্ছে। দমকলের ৬ টি ইঞ্জিন ও বি এস এফের জলের ট্যাংক এর সহযোগিতায় আগুন নেভানো হয়। ঘটনাস্থলে আসেন, মেয়র গৌতম দেব, শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ এবং শিলিগুড়ির বি জে পি সভাপতি অরুণ মন্ডল সহ অন্যান্যরা। হতাহতের কোনো খবর নেই। ৩২ থেকে ৩৫ কোটি টাকার ক্ষতি হয়েছে বলে খবর।

---

প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ (পশ্চিমবঙ্গ)-র, বৃত্তি পরীক্ষার সময়সূচি পিছিয়ে দেওয়া হয়েছে। চলতি মাসের ৩০ তারিখ থেকে আগামী ৫ ই অক্টোবর পর্যন্ত এই পরীক্ষা হওয়ার কথা ছিল। চলতি বন্যা পরিস্থিতিতে দক্ষিণবঙ্গের অনেক জেলায় স্কুলগুলিতে জল ঢুকেছে। আবার অনেক স্কুলে খোলা হয়েছে ত্রাণ শিবির। পাশাপাশি উত্তরবঙ্গেও লাগাতার বৃষ্টি চলেছে বলে পর্ষদের সম্পাদক তপন কুমার সামন্ত আজ জানিয়েছেন। এই পরীক্ষা আগামী ২১ শে অক্টোবর থেকে ২৫ শে অক্টোবর পর্যন্ত চলবে। এবছর এক হাজার দুশোটিরও বেশি কেন্দ্রে এক লক্ষ ৬০ হাজারের বেশি পরীক্ষার্থী বৃত্তি পরীক্ষায় বসার কথা।

---

আজ লোকমাতা রানী রাস মনির ২৩২ তম জন্ম দিবস। দিনটি উপলক্ষে অন্যান্য বারের মতো এবারও কার্জন পার্কে রানী রাসমনির মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রানী রাসমণি ফাউন্ডেশন এর আহ্বায়ক কুশল চৌধুরী সহ বিশিষ্টজনেরা।



পয়লা অক্টোবর পর্যন্ত নানা শ্রদ্ধার্ঘ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে লোকমাতা রানী রাসমণির আবির্ভাব দিবস উপলক্ষে লোকোমাতা রানী রাসমণিকে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

---

বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, বেঙ্গালুরু এফসি-র মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে ব্যাঙ্গালুরু ১-০ গোলে এগিয়ে আছে। গোলে করেছেন মেন্ডেজ।

মোহনবাগান ২ ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে বেঙ্গালুরু এফসি-র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ছয়।

এদিকে, আসন্ন জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে বাংলা দলের কোচ হয়েছেন সঞ্জয় সেন। সিনিয়র জাতীয় মহিলা ফুটবল প্রতিযোগিতায় বাংলার কোচ নির্বাচিত হয়েছেন সুজাতা কর। শনিবার আইএফএ অফিসে কোচেস কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

---